| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, বর্তমানে শীতজনিত কারণে গবাদি পশুর বিভিন্ন রোগ আক্রান্ত হচ্ছে। যা খামারীদের জন্য খুবই হুমকি স্বরুপ। আক্রান্ত পশুর শ্লেষ্মা, লালা, রক্ত, মাংস, হাড়, নাড়ী-ভূড়ি, চামড়া বা পশমের সংস্পর্শে এলে মানুষও এ রোগে আক্রান্ত হতে পারে। তাই অসুস্থ পশু জবাই করা যাবে না। মৃত পশু খোলা স্থানে ফেলা থেকে বিরত থাকতে হবে। মৃত পশু মাটিতে গভীরভাবে পুঁতে ফেলতে হবে। আক্রান্ত গবাদিপশুর চিকিৎসা ও পরামর্শের জন্য দ্রুত উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে যোগাযোগ করতে অনুরোধ জানান। | মাঠ পর্যায়ে খামারিদের গবাদি পশুর সংক্রামক রোগের বিস্তাররোধে ভেটেরিনারি মেডিকেল টিমের তৎপরতা বৃদ্ধি করতে হবে। এ উপজেলার সকল গবাদি পশুকে ভেকসিনেশনের আওতায় আনতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী। |
| ০৪ | প্রকৌশল বিভাগ | (ক) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি'র ২য় কিস্তিরও বরাদ্দ পাওয়া গেছে ২২,১৪,০০০/- টাকা। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন/২০২৬ ও গণভোটের তফসিল ঘোষনা হওয়ায় ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি'র এবং উপজেলা পরিষদের রাজস্ব উন্নয়ন তহবিল দ্বারা অনুমোদিত প্রকল্পসমুহ বাস্তবায় সংক্রান্ত সকল কার্যক্রম বর্তমানে স্থগিত রয়েছে।<br><br>(খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো জনানা যে, উপজেলা পরিষদ প্রশাসক মহোদয়ের আবাসিক কোয়ার্টারটি দীর্ঘদিন ধরে কোন প্রকার মেরামত/সংস্কার না করার ফলে জরাজীর্ণ হয়ে পরেছে। এছাড়া ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে যে কোন সময় প্রশাসনিক প্রয়োজনে কোয়ার্টারটি অত্যাবশ্যকীয়ভাবে ব্যবহার হতে পারে। তাই কোয়ার্টারটি জরুরীভাবে মেরামত/সংস্কার করার প্রস্তাব করেন।<br><br>(গ) সভায় চেয়ারম্যান, সাপ্টিবাড়ী ইউনিয়ন পরিষদ জানান যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী ৪০০টি ইউক্যালিপ্টাস গাছ নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য ইউনিয়ন পরিষদের পূর্ণাঙ্গ মালিকানার বিস্তারিত তথ্যাদির প্রমানক উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়েছে। তৎপ্রেক্ষিতে তিনি সভায় জানান যে, ভেলাবাড়ী এফ, আর, বি হইতে সাপ্টিবাড়ী ইউপি অফিস পর্যন্ত রাস্তা আর/১৩ মোট দৈর্ঘ্য ৮.৫৬১ কি.মি. বরায়নকৃত অংশের দৈর্ঘ্য ২.৯৭৭ কি.মি। বর্ণিত রাস্তার ৪০০টি ইউক্যালিপ্টাস গাছের মালিকানা বিষয়ে ইউনিয়ন পরিষদের রক্ষিত গাছ রোপন ও নিলাম সংক্রান্ত নথিপত্র পর্যালোচনায় দেখা যায় যে, বর্ণিত রাস্তাটিতে গত ২৫ মে ২০০২ খ্রি. তারিখ ইউনিয়ন পরিষদ প্রথম পক্ষ, এবং বাংলাদেশ সরকার ও মার্কিন যুক্তরাষ্ট্রের আন্তজাতিক উন্নয়ন সংস্থার কেয়ার বাংলাদেশ এর সহযোগিতায় বিল্ড (BUILD), আইএফএসপি প্রকল্পের আওতায় বৃক্ষরোপনের জন্য চুক্তিপত্র সম্পাদন করা হয়েছে (কপি সংযুক্ত)। অতঃপর সভায় উপস্থাপিত চুক্তিপত্রের উপর বিস্তারিত আলোচনা করা হয়। সভায় চেয়ারম্যান সাপ্টিবাড়ী ইউনিয়ন পরিষদ জানান যে, বর্ণিত রাস্তার গাছের মালিকানা ইউনিয়ন পরিষদ তাই যথাযথ প্রক্রিয়া সম্পন্ন করে গাছসমূহ নিলামের মাধ্যমে অপসারণের জন্য সভায় অনুমোদনের অনুরোধ জানান। | (ক) নির্বাচন পরবর্তীতে ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি'র এবং উপজেলা পরিষদের রাজস্ব উন্নয়ন তহবিল দ্বারা অনুমোদিত প্রকল্পসমুহ বাস্তবায় সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>(খ) আদিতমারী উপজেলা পরিষদ প্রশাসক মহোদয়ের আবাসিক কোয়ার্টারটি রক্ষনাবেক্ষন এবং ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন/২৬ সামনে রেখে প্রশাসনিক প্রয়োজনে জরুরী মেরামত/সংস্কারের নিমিত্ত উপজেলা প্রকৌশলী কে সরেজমিন পরিদর্শনপূর্বক প্রাক্কলন প্রস্তুত পূর্বক আগামী সভায় উপস্থাপনের অনুরোধ জানানো হলো।<br><br>(গ) যেহেতু গত ২৫ মে ২০০২ খ্রি. তারিখ ইউনিয়ন পরিষদ প্রথম পক্ষ, এবং বাংলাদেশ সরকার ও মার্কিন যুক্তরাষ্ট্রের আন্তজাতিক উন্নয়ন সংস্থার কেয়ার বাংলাদেশ এর সহযোগিতায় বিল্ড (BUILD), আইএফ এসপি প্রকল্পের আওতায় বৃক্ষরোপনের জন্য চুক্তিপত্র সম্পাদন করার মাধ্যমে বর্ণিত রাস্তায় গাছসমূহ রোপন করা হয়েছিল। রোপনকৃত ৪০০টি ইউক্যালিপ্টাস গাছ নিলামের নিমিত্ত বন বিভাগ কর্তৃক মূল্য নির্ধারণ প্রতিবেদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী আদিতমারী।<br><br>উপজেলা প্রকৌশলী, আদিতমারী<br><br>উপজেলা প্রকৌশলী, আদিতমারী/ চেয়ারম্যান, সাপ্টিবাড়ী ইউনিয়ন পরিষদ |

